

এপ্রিল/২০২৩ এর কুষ্টিয়া জেলার প্রতিদিনের সড়ক দুর্ঘটনার তথ্য

ক্রঃ নং	সড়ক/মহাসড়কের নাম এবং দুর্ঘটনার তারিখ, সময় ও স্থান	মামলা নং, তারিখ ও ধারা (যদি থাকে) এবং দুর্ঘটনার কারণ	দুর্ঘটনার বিবরণ	দুর্ঘটনায় জড়িত গাড়ির সংখ্যা, নম্বর ও কাগজপত্রের হালনাগাদ অবস্থা	নিহতের বিবরণ (বয়স, চালক, যাত্রী, পথচারী, পুরুষ, মহিলা, শিশু ইত্যাদি)	আহতের সংখ্যা	রেফারেন্স
০১	কুষ্টিয়া- বিনাইদহ আঞ্চলিক মহাসড়ক। তারিখ :- ১১/০৪/২০২৩ খ্রিঃ সময় :- দুপুর -২.০০ ঘটিকা স্থান :- কুষ্টিয়া শহর।	মামলা হয়নি। ইজিবাইক চালকদের দ্রুত ও বেপরোয়া গতি।	কুষ্টিয়ায় ব্যাটারীচালিত ইজিবাইক থেকে পড়ে ট্রাক চাপায় ইমরান নামের একজন ব্যবসায়ী নিহত হয়েছেন। পুলিশ ও পরিবার সূত্রে জানা যায়, দুপুরে ব্যবসায়ী ইমরান কুষ্টিয়া শহর থেকে ইজি বাইকযোগে পোড়াদহে যাচ্ছিলেন। পথে ইজি বাইক থেকে হঠাৎ রাস্তায় পড়ে যান তিনি। এ সময় বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দিলে গুরুত্বর আহত অবস্থায় তাকে স্থানীয় জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাবীন অবস্থায় তার মৃত্যু হয়।	মোটরযানের সংখ্যা : ১ টি ১। ইজিবাইক সংখ্যা :- ০১ টি	নিহত :- ০১ জন (ইজিবাইক যাত্রী) পুরুষ।	আহত নাই।	স্থানীয় পত্রিকা- আজকের আলো (১২/০৪/২০২৩)
০২	কুষ্টিয়া- চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়ক তারিখ :- ২৪/০৪/২০২৩ খ্রিঃ সময় :- দুপুর -৩.০০ ঘটিকা স্থান :- কুষ্টিয়া-চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের পাটিকাবাড়ী নামক স্থানে।	মামলা হয়নি ১। রোড শোল্ডারের মাটি নরম হয়ে যাওয়ায় বাসটি নিয়ন্ত্রন হারিয়ে পাশের খাদে পড়ে যায়। ২। চালকের অসাবধানতা।	কুষ্টিয়া- চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের কুষ্টিয়া হতে চুয়াডাঙ্গাগামী একটি বাস পাটিকাবাড়ী নামক স্থানে পৌঁছালে বাসটি প্রচণ্ড বৃষ্টি ও ঝড় হাওয়ার কবলে পড়লে চালকের অসাবধানতাবশত বাসটির বাম দিকের সামনের চাকা রোড শোল্ডারে পড়ে যায়। প্রচণ্ড বৃষ্টি ও ঝড় হাওয়ার কারণে রোড শোল্ডারের মাটি নরম হয়ে যাওয়ায় বাসটি নিয়ন্ত্রন হারিয়ে পাশের খাদে পড়ে যায়।	মোটরযানের সংখ্যা : ১ টি ১। বাস সংখ্যা :- ০১ টি বাস এর রেজি : নং- কুষ্টিয়া-জ-১১-০০৩৯ ফিটনেস মেয়াদ- ১৫-০৩-২০২৩ ট্যাক্স টোকেন মেয়াদ- ২০-০১-২০২৩ রুট পারমিট ১৪-০১-২০২৩	নিহত :- নাই	১০ জন (সামান্য আহত বাসযাত্রীগণ প্রাথমিক চিকিৎসা শেষে নিজ নিজ গন্তব্যস্থলে চলে যান)	অন লাইন পত্রিকা ২৪/০৪/ ২০২৩

ক্রঃ নং	সড়ক/মহাসড়কের নাম এবং দুর্ঘটনার তারিখ, সময় ও স্থান	মামলা নং, তারিখ ও ধারা (যদি থাকে) এবং দুর্ঘটনার কারণ	দুর্ঘটনার বিবরণ	দুর্ঘটনায় জড়িত গাড়ির সংখ্যা, নম্বর ও কাগজপত্রের হালনাগাদ অবস্থা	নিহতের বিবরণ (বয়স, চালক, যাত্রী, পথচারী, পুরুষ, মহিলা, শিশু ইত্যাদি)	আহতের সংখ্যা	রেফারেন্স
০৩	কুষ্টিয়া জেলায় মিরপুর উপজেলাধীন মিরপুর-চিথলিয়া সড়কে। তারিখ : ২৬/০৬/২০২৩ খ্রিঃ সময় : বিকাল- ৫.০০ ঘটিকা স্থান : কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন মিরপুর-চিথলিয়া ইউনিয়নের গোপালপুর গ্রামে দর্গাতলা নামক স্থানে।	মামলা হয়নি ইজিবাইক চালকদের দ্রুত ও বেপরোয়া গতি।	কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার চিথলিয়া ইউনিয়নের গোপালপুর গ্রামে দর্গাতলা মোড় হতে ০৬ (ছয়) বছরের এক শিশু আইসক্রিম কিনে বাড়ি ফেরার পথে ইজিবাইকের চাপায় নিহত হয়েছে।	১। ইজিবাইক সংখ্যা : ১ টি। (রেজিঃ বিহীন)	নিহত : ০১ (শিশু) জন বয়স : ০৬ (ছয়) বছর	নাই	দৈনিক ইত্তেফাক (২৬/০৪ /২০২৩)